



জেলা শিল্পকলা একাডেমি
খুলনা

স্মারক নম্বরঃ ৪৩.২০.৪৭০০.০০০.৩৭.০০৮.২৫-১১০

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা ২০১৮-২০২৪ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের শিল্প- সংস্কৃতির ক্ষেত্রে ১. কণ্ঠ সঙ্গীত ২. নৃত্যকলা ৩. যন্ত্রশিল্পী ৪. চারুকলা ৫. ফটোগ্রাফি ৬. নাট্যকলা ৭. চলচ্চিত্র ৮. আবৃত্তি ৯. যাদ্যশিল্প ১০. লোকসংস্কৃতি ১১. সৃজনশীল আঞ্চলিক সংগঠন/ সৃজনশীল সাংস্কৃতিক সংগঠক এবং ১২. সৃজনশীল সংস্কৃতি গবেষণার এ বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ যে কোন শাখায় অসামান্য অবদানের জন্য প্রতি বছর উল্লেখিত ক্ষেত্রের মধ্য হতে যে কোন ০৫(পাঁচ)টি ক্ষেত্রে ০১(এক) জন করে ৮ (আট) বছরে মোট ৪০(চল্লিশ) জন গুণীজন্যিককে 'জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা' ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ প্রদান করা হবে। উল্লেখ্য যে, গুণীজনদের বয়স কোনক্রমেই চল্লিশের নিচে গ্রহণযোগ্য নয়। সম্মাননা তথ্য ফরম জেলা শিল্পকলা একাডেমি, খুলনা'র কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে এবং সকল প্রকার তথ্য ফরম ও তথ্য ফরম একাডেমি ওয়েব সাইট (www.shilpakala.khulna.gov.bd) এ পাওয়া যাবে। আগামী ১৮ ডিসেম্বর ২০২৫খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা শিল্পকলা একাডেমি, খুলনা'র কার্যালয়ে পূরণকৃত তথ্য ফরম জমা এবং ২ কপি রসিদ পাসপোর্ট সাইজের ছবি ও পৃথক একটি কাগজে আবেদনকারীর জীবন বৃত্তান্ত (০১ পৃষ্ঠা) লিখে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে তথ্য ফরম জমা দেওয়া যাবে না। চূড়ান্তভাবে মনোনীত প্রত্যেক গুণীজনকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে নির্ধারিত পুরস্কার (চেক/ নগদ টাকা), একটি সম্মাননা স্মারক এবং সনদপত্র প্রদান করা হবে।

আপনার উপজেলা/সংগঠনের গুণী ব্যক্তিদের তথ্য ফরম যাতে পাওয়া যায় সে ব্যাপারে আপনার সক্রিয় সহযোগিতা কামনা করছি।

(মোঃ রফিকুল ইসলাম)

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি, খুলনা।

ফোনঃ ০২৪৭৭৭২৩৮৮৪

ই-মেইলঃ shilpakalakhulna1977@gmail.com

১। উপজেলা নির্বাহী অফিসার

....., খুলনা।

২। সভাপতি/ সম্পাদক

....., খুলনা।

স্মারক নম্বরঃ ৪৩.২০.৪৭০০.০০০.৩৭.০০৮.২৫-১১০

তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, খুলনা।

২. অফিস কপি।